১৫

দৈনিক সংবাদ

তারিখ ... 08 DEC 1998 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

উদ্ভাসিত ঝিনাইদহ

# সোয়া লাখ নারী-পুরুষ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হবে

॥ কমল সাহা ॥

ঝিনাইদহ, ৭ই ডিসেম্বর।– 'উদ্ভাসিত 'ঝিনাইদহ'। নিরক্ষর মানুষের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার এক মহতী উদ্যোগ।

ঝিনাইদহের জেলা প্রশাসক আমিনুর রসুলের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে গত ১লা জুলাই শুরু হয়েছে ৯ মাস মেয়াদী 'উদ্ভাসিত ঝিনাইদহ'–এর কার্যক্রম। জেলার ৩টি থানা ও ৩টি পৌর এলাকার প্রায় সোয়া লাখ নারী পুরুষকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার লক্ষ্যে 'উদ্ভাসিত ঝিনাইদহ'–এর সার্বিক সাক্ষরতা প্রদান কার্যক্রম দ্রুত এগিয়ে চলেছে। প্রকল্পের ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ৪ কোটি টাকা। প্রকল্পভুক্ত এলাকাগুলো হলো ঃ ঝিনাইদহ সদর থানা ও পৌর এলাকা, কালীগঞ্জ সদর থানা ও পৌর এলাকা এবং কোট চাঁদপুর সদর থানা ও পৌর এলাকা।

'উদ্ভাসিত ঝিনাইদহ'–এর সাক্ষরতা আন্দোলন কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য প্রকল্প এলাকায় ৪ হাজার ২শ' ৬৪টি শিক্ষাকেন্দ্র খোলা হয়েছে। শিক্ষাদানের জন্য প্রতিটি শিক্ষা কেন্দ্রে ১ জন করে শিক্ষক নিয়োগ করা হয়েছে, যার অর্ধেকই মহিলা। তদারকির জন্য রয়েছেন ২শ' ৮৫ জন সুপার ভাইজার। সুষ্ঠুভাবে কাজ চালানোর জন্য প্রতিটি শিক্ষাকেন্দ্রের জন্য ৬টি করে হেরিকেন ও ১৮ গজ করে চট বরাদ্দ দেয়া হয়েছে।